



শুক্রবার জাতীয় স্মৃতিসৌধে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন তারেক রহমান



সংগৃহীত ছবি

আজ দীর্ঘ ১৭ বছর পর দেশে ফিরলেন তারেক রহমান। আগামীকাল শুক্রবার জুমার নামাজের পর সাভারের জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা জানাবেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। কর্মসূচিকে ঘিরে স্মৃতিসৌধ এলাকা ও আশপাশে চার স্তরের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

দীর্ঘ নির্বাসনের অবসান ঘটিয়ে দেশে ফেরার পর প্রথম রাষ্ট্রীয় শ্রদ্ধা কর্মসূচি হিসেবে শুক্রবার (২৬ ডিসেম্বর) সাভারের জাতীয় স্মৃতিসৌধে যাচ্ছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। বাদ জুমা সেখানে তিনি মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন।

এই কর্মসূচিকে কেন্দ্র করে সাভার জাতীয় স্মৃতিসৌধ ও সংলগ্ন এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে। ঢাকা জেলা পুলিশ জানিয়েছে, সম্ভাব্য ভিড় ও সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি বিবেচনায় চার স্তরের নিরাপত্তা পরিকল্পনা বাস্তবায়ন করা হয়েছে। পুলিশ ছাড়াও গোয়েন্দা সংস্থা ও অন্যান্য নিরাপত্তা ইউনিট মাঠে থাকবে।

দলীয় সূত্র জানায়, কর্মসূচির শুরুতে তারেক রহমান রাজধানীর শেরেবাংলা নগরে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের কবর জিয়ারত করবেন। এরপর তিনি সাভারের জাতীয় স্মৃতিসৌধে গিয়ে জাতির বীর সন্তানদের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন। এ উপলক্ষে সাভার ও আশুলিয়া অঞ্চলের বিএনপি নেতাকর্মীরা সাংগঠনিক প্রস্তুতি সম্পন্ন করেছেন।

বিএনপির স্থানীয় নেতারা জানিয়েছেন, তারেক রহমানের আগমনকে ঘিরে বিপুলসংখ্যক নেতাকর্মীর উপস্থিতি প্রত্যাশিত। এ কারণে যান চলাচল ও জননিরাপত্তা নিশ্চিত করতে বিশেষ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

জাতীয় স্মৃতিসৌধ আগামীকাল সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে কি না—এ বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছে, পরিস্থিতি পর্যালোচনা করে সকালে এ বিষয়ে সিদ্ধান্ত জানানো হতে পারে।